# মুমিনের দু‘আ

বিভাগ/অধ্যায়ঃ দু‘আসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ডা. মুহাম্মদ আবুবকর সিদ্দিক (সংকলক)

সম্পাদকীয়

الحمد لله والصلاة والسلام على رسول الله وعلى آله وصحبه أجميين.

দু`আ মুসলিমের অত্যন্ত গুরুতপূর্ণ ইবাদাত। দু`আর মাধ্যমে মুসলিম আল্লাহর কাছে তার আকাক্ষা পেশ করতে পারে এবং আল্লাহ তাআলার তাওফীকে দুনিয়া ও আখিরাতে অপার নিয়ামত, সামর্থ্য ও কাজের সক্ষমতা অর্জন করতে পারে এবং অর্জন করতে পারে প্রভূত সাওয়াব। বাংলা ভাষায় দু'আর অনেক বই রয়েছে। এর মধ্যে প্রফেসর ড সাঈদ আল-কাহতানী কর্তৃক সংকলিত ‘হিসনুল মুসলিম গ্রন্থটি খুবই প্রণিধানযোগ্য। এ বই থেকে বেশ কিছু দু`আ নির্বাচন করে আমেরিকার নিউ ইয়র্ক প্রবাসী জনাব ডাঃ মুহাম্মদ আবুবকর সিদ্দীক বাংলাভাষী মুসলিম ভাইবোনদের জন্য একটি পকেট সাইজের ছোট বই প্রকাশের আকাঙ্ক্ষা ব্যক্ত করেছেন। আমি তাকে এ কাজে উদ্বুদ্ধ করেছি এবং তার সংকলিত সকল দু'আ আমি ও আমার সাথে তাইবাহ একাডেমির রিসার্চ টিমের সদস্যগণ দেখে দিয়েছি। এই দু'আসমূহ যাচাই-বাছাই করে আমরা কেবল সহীহ ও হাসান হাদীসসমূহে উল্লেখিত দু`আ এ বইয়ে স্থান দিয়েছি। আমরা আশা করি দু'আর এই ছোট বইয়ের মাধ্যমে দৈনন্দিন গুরুত্বপূর্ণ দু'আসমূহ প্রত্যেকেই পাঠ করতে পারবেন এবং সবসময় বইটি পকেটে বহন করতে পারবেন। ফলে পাঠক যেকোনো সময় বিশুদ্ধ দু`আ পাঠের আগ্রহ মেটাতে পারবেন। আল্লাহ রাব্বল আলামীন এ বইয়ের সংকলক এবং যারা এ বইয়ের পেছনে অবদান রেখেছেন, তাদের প্রত্যেককে কবুল করুন, বেশি বেশি ভালো কাজ সম্পাদনের তাওফীক দান করুন এবং এ ভালো কাজসমূহকে কিয়ামতের দিন তাদের আমলের পাল্লায় যুক্ত করে দিন।

هذا وصلى الله وسلم على نبينا محمد وعلى آله وصحبه أجمعين

ড. মুহাম্মদ মানজুরে ইলাহী

১৭ রমাদান ১৪৪৩

১৯ এপ্রিল ২০২২

Source — https://www.hadithbd.com/books/link/?id=14994

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন